

শুলপুর খ্রীষ্টিয়ান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

মূল নিবন্ধন নং- ১৪/৮৮, তারিখ- ৩১/১২/১৯৮৮ খ্রিঃ, ১ম সংশোধিত নিবন্ধন নং- ১৭২/২০০৮, ২য় সংশোধিত নিবন্ধন নং- ১৩৮/২০১৫

গ্রাম : শুলপুর, ডাকঘর : শিকারপুর নিমতলা-১৫৪০, উপজেলা : সিরাজদিখান, জেলা : মুন্সিগঞ্জ।

ঋণ গ্রহণের উদ্দেশ্য : শিক্ষা ✦ কৃষিকাজ ✦ পশু-পাখি পালন ✦ মৎস্য চাষ ✦ বাণিজ্যিক উদ্দেশ্যে যানবাহন ক্রয় ✦ চিকিৎসা ✦ বিদেশে চাকুরী ✦ ব্যবসা ✦ গৃহ নির্মাণ ও মেরামত ✦ জমি ক্রয় ✦ আসবাবপত্র ক্রয় ✦ বিবাহ ✦ গৃহস্থালি উপকরণ/যন্ত্রপাতি ক্রয়।

০১। সাধারণ ঋণ :

ধাপ	সর্বোচ্চ টাকা	কিস্তির পরিমাণ	আবেদনযোগ্য ঋণের পরিমাণ	ঋণের জন্য প্রদেয় সুদের হার
১ম	৫০,০০০.০০	৩৬ মাস = ৩ বছর	ঋণের ধাপ অনুসারে বর্তমান শেয়ারের সর্বোচ্চ ১০ গুনন অর্থ ঋণের জন্য আবেদন করা যাইবে।	১২%
২য়	১,০০,০০০.০০	৪৮ মাস = ৪ বছর		
৩য়	২,০০,০০০.০০	৭২ মাস = ৬ বছর		
৪র্থ	৩,০০,০০০.০০	৯৬ মাস = ৮ বছর		
৫ম	৪,০০,০০০.০০	১০৮ মাস = ৯ বছর		
৬ষ্ঠ	৫,০০,০০০.০০	১২০ মাস = ১০ বছর		
৭ম	৬,০০,০০০.০০	১৪৪ মাস = ১২ বছর		
৮ম	৮,০০,০০০.০০	১৬৮ মাস = ১৪ বছর		
৯ম	১০,০০,০০০.০০	১৮০ মাস = ১৬ বছর		
১০ম	১২,০০,০০০.০০	২১৬ মাস = ১৮ বছর		

০২। বিশেষ ঋণ :

ধাপ	সর্বোচ্চ টাকা	কিস্তির পরিমাণ	আবেদনকৃত ঋণের পরিমাণ	ঋণের জন্য প্রদেয় সুদের হার
১ম	২,০০,০০০.০০	৪৮ মাস = ৪ বছর	ঋণের ধাপ অনুসারে বর্তমান শেয়ারের সর্বোচ্চ ১০ গুনন অর্থ ঋণের জন্য আবেদন করা যাইবে।	১৫%
২য়	৩,০০,০০০.০০	৭২ মাস = ৬ বছর		
৩য়	৪,০০,০০০.০০	৯৬ মাস = ৮ বছর		
৪র্থ	৫,০০,০০০.০০	১২০ মাস = ১০ বছর		
৫ম	৬,০০,০০০.০০	১৪৪ মাস = ১২ বছর		
৬ষ্ঠ	৮,০০,০০০.০০	১৬৮ মাস = ১৪ বছর		
৭ম	১০,০০,০০০.০০	১৯২ মাস = ১৬ বছর		
৮ম	১২,০০,০০০.০০	২১৬ মাস = ১৮ বছর		

০৩। মর্টগেজ ঋণঃ

ধাপ	সর্বোচ্চ টাকা	কিস্তির পরিমাণ	আবেদনকৃত ঋণের পরিমাণ	ঋণের জন্য প্রদেয় সুদের হার
১ম	৩,০০,০০০.০০	৯৬ মাস = ৮ বছর	ঋণের ধাপ অনুসারে ০৬ মাস পূর্বের শেয়ারের সর্বোচ্চ ১০ গুনন অর্থ মর্টগেজ ঋণের জন্য আবেদন করা যাইবে।	১৫%
২য়	৫,০০,০০০.০০	১২০ মাস = ১০ বছর		
৩য়	৮,০০,০০০.০০	১৬৮ মাস = ১৪ বছর		
৪র্থ	১২,০০,০০০.০০	১৯২ মাস = ১৬ বছর		
৫ম	১৫,০০,০০০.০০	২১৬ মাস = ১৮ বছর		

০৪। উচ্চতর কারিগরি ও পেশাগত শিক্ষা ঋণ :

ক্রমিক নং	কোর্সের মেয়াদকাল	কিস্তি পরিশোধের সময়	আবেদনকৃত ঋণ এর পরিমাণ	ঋণের জন্য প্রদেয় সুদের হার
০১	৩ মাস থেকে ১২ মাস	৪ বছর = ৪৮ মাস	দেশে-৫,০০,০০০.০০ টাকা বিদেশে- ১০,০০,০০০.০০ টাকা	৮%
০২	১৩ মাস থেকে ২৪ মাস	৫ বছর = ৬০ মাস		
০৩	২৫ মাস থেকে ৪৮ মাস	৬ বছর = ৭২ মাস		

০৫। বিদেশে শিক্ষা গ্রহণ/বিদেশ গমনে সচ্ছলতা ঋণ :

ক্রমিক নং	ঋণের মেয়াদকাল	নবায়ন	আবেদনকৃত ঋণ এর পরিমাণ	ঋণের জন্য প্রদেয় সুদের হার
০১	সর্বনিম্ন ৩ মাস	নবায়ন যোগ্য	সর্বনিম্ন দশ (১০) লক্ষ টাকা হইতে সর্বোচ্চ পঞ্চাশ (৫০) লক্ষ টাকা পর্যন্ত।	৯%
০২	৩ মাসের উর্ধ্বে	নবায়ন যোগ্য		

ঋণ আবেদনকারীকে আবেদনপত্র জমা দেওয়ার সময় এবং আবেদনকৃত ঋণটি অনুমোদিত হইলে অবশ্যই পালনীয় দায়িত্ব ও কর্তব্য

ক্রমিক নং.	বিবরণ
০১।	ঋণ প্রাপ্তির যোগ্যতা প্রমাণের জন্য অত্র ক্রেডিট ইউনিয়ন কর্তৃক মুদ্রিত ও সরবরাহকৃত নির্দিষ্ট ঋণ আবেদন পত্রটি পরিকল্পনামতে পূরণ করিতে হইবে। আবেদনকারী ঋণ আবেদন পত্রে ফুইড ব্যবহার, ঘষামাজা, কাটাকাটি করিলে এবং অত্র ক্রেডিট ইউনিয়নে তার সদস্য স্বাক্ষর কার্ড মোতাবেক স্বাক্ষর প্রদান না করিলে ঋণ আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

০২।	(ক) ঋণ আবেদনপত্রের সাথে এক কপি ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন, চাকুরীজীবী হলে চাকুরীস্থলের আইডি কার্ড এর ফটোকপি, ব্যবসায়ী হলে ট্রেড লাইসেন্স (হালনাগাদ) এর ফটোকপি, ব্যাংক/ক্রেডিট ইউনিয়ন/সমবায় সমিতি/ডাকঘর সঞ্চয়পত্র সার্টিফিকেট এর ফটোকপি বা স্টেটম্যান্ট জমা দিতে হইবে। (খ) ঋণ ফরমে উল্লেখিত আয় হিসাবে দেশের বাইরে থেকে অর্থ প্রাপ্ত হইলে টাকা প্রাপ্তির বৈধ প্রমাণপত্র (ওয়েস্টার্ন ইউনিয়ন/মানিগ্রাম/মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস/অন্যান্য মাধ্যমে টাকা প্রাপ্তির রসিদ) জমা দিতে হইবে। (গ) ঋণ আবেদন পত্রে আয়ের উৎস হিসাবে কৃষি কাজ, পোলট্রি খামার, পাখি পালন, গবাদি পশু খামার, মৎস চাষ, সেলাই, কুটির শিল্প, ক্ষুদ্র ব্যবসা, রিক্সা চালানো, গাড়ী চালানো, রিক্সা ভাড়া, অটো ভাড়া, সিএনজি ভাড়া, গাড়ী ভাড়া, ঘর ভাড়া, দোকান ভাড়া, প্রাইভেট টিউশন, অন্যের বাড়ী বা জমিতে চুক্তি ভিত্তিক মজুর, দিন মজুর, দোকান কর্মী বা সেল্‌সম্যান ইত্যাদি উল্লেখ থাকিলে ঋণ কমিটি/পরিচালক মন্ডলী তা সরজমিনে পরিদর্শন এবং তদন্ত করিয়া প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবেন। (ঘ) ঋণ ফরমে আয়ের উৎস হিসাবে বিভিন্ন ব্যাংক/ক্রেডিট ইউনিয়ন/সমবায় সমিতির স্থায়ী আমানত/ডাকঘর সঞ্চয়পত্র উল্লেখ করিলে উল্লেখিত প্রতিষ্ঠানের স্থায়ী আমানত/সঞ্চয়পত্রের (হালনাগাদ) ফটোকপি এবং একটি স্টেটম্যান্ট জমা দিতে হইবে। (ঙ) অনলাইন/মিডিয়ায় কাজ করে উপার্জিত টাকা ঋণ ফরমে আয় হিসাবে উল্লেখ করিলে টাকা উপার্জনের বৈধ প্রমাণপত্র দাখিল করিতে হইবে। (চ) ঋণ ফরমে উপরোক্ত আয়ের উৎস সমূহ ব্যতীত অন্য যে কোন আয়ের উৎস উল্লেখ করিলে ঋণ আবেদনকারীকে উক্ত উৎস হইতে আয়ের উপযুক্ত প্রমাণপত্র দাখিল করিতে হইবে। (ছ) প্রয়োজনবোধে ঋণ কমিটি/পরিচালক মন্ডলী আয়ের উৎস যাচাইয়ের জন্য উপরোক্ত যেকোন নথিপত্রের আসল কপি দেখিতে চাইতে পারিবেন।
০৩।	ঋণ আবেদনের সময় নির্দিষ্ট ঋণ ফরম ক্রয়ের রসিদটি অবশ্যই ঋণ ফরমের সাথে যুক্ত থাকিতে হইবে। ঋণ আবেদনপত্র ক্রয় করার তারিখ হতে এক বছর সময়ের মধ্যে উক্ত ফরমে ঋণ আবেদন না করিলে ঋণ ফরমটি বাতিল বলিয়া গণ্য হইবে।
০৪।	আবেদনকারীকে নিজের, পরিবারের অন্যান্য সগস্যগণের এবং জামিনদারদের সদস্য পাশ বহি এবং প্রয়োজনে সঞ্চয়ী হিসাব বহি, বিশেষ ঋণের পাশ বহি ঋণ (যদি থাকে) আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হইবে।
০৫।	ঋণের আবেদনপত্রে জামিনদারগণের স্বাক্ষর অত্র ক্রেডিট ইউনিয়নে তাহাদের সদস্য স্বাক্ষর কার্ডে প্রদত্ত স্বাক্ষর অনুসারে স্বাক্ষর এবং মোবাইল নম্বর (যদি থাকে) প্রদান করিতে হইবে।
০৬।	একজন সদস্য অন্য কোন সদস্যের ঋণের জন্য জামিনাবদ্ধ না থাকিলে সাধারণ ঋণের ৫ম ধাপ পর্যন্ত নিজস্ব শেয়ারের ৮০% পর্যন্ত ঋণ গ্রহণ করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, ঋণ গ্রহণকারী সদস্যের গ্রহণকৃত ঋণটি সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত তিনি অন্য কোন সদস্যের ঋণের জন্য জামিনদার হইতে পারিবেন না।
০৭।	ঋণ আবেদন ফরমে ঋণ আবেদনকারীর পরিবারের সদস্য নন কমপক্ষে এমন একজন ব্যক্তি যিনি অত্র ক্রেডিট ইউনিয়নের সদস্য তাহার শেয়ার জামিন দিতে হইবে।
০৮।	আবেদনকৃত ঋণের শতকরা ১০ ভাগ বেশী শেয়ার জামিন প্রদান করিতে হইবে। একজন সদস্য সর্বোচ্চ ২৫টি ঋণ আবেদনপত্রে জামিন দিতে পারিবেন। ২৫টি ঋণে জামিন চলমান থাকাকালে কোন ঋণ সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত তিনি নতুন কোন ঋণে জামিন প্রদানে অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন।
০৯।	“ঋণ কমিটি” যাচাই-বাছাই করিবার পর ঋণটি অনুমোদিত হইয়াছে কিনা বা ঋণের আবেদনপত্রে কোন সমস্যা আছে কিনা তা অফিস চলাকালীন সময়ে আবেদনকারীকে নিজ দায়িত্বে ক্রেডিট ইউনিয়ন অফিস থেকে জানিয়া নিতে হইবে। ঋণ আবেদনপত্রে কোন সমস্যা থাকিলে অতিসত্ত্বর সংশোধন করিয়া পুনঃরায় জমা দিতে হইবে।
১০।	কোন সদস্য এবং জামিনদার একই মাসে একাধিক ঋণের জন্য জামিনদার হইতে পারিবেন না। একটি জামিন দেওয়ার পর পরবর্তী মাসে ঋণ গ্রহীতা ঋণের একটি কিস্তি পরিশোধ করিলে পর তিন পুনঃরায় জামিন দিতে পারিবেন।
১১।	পঞ্চাশ (৫০) হাজার টাকা থেকে দুই (২) লক্ষ টাকা পর্যন্ত যে কোন পরিমাণ ঋণ গ্রহণের ক্ষেত্রে “ঋণ নিরাপত্তা প্রকল্প” অনুসারে বাধ্যতামূলকভাবে “ঋণ নিরাপত্তা প্রকল্প” গ্রহণ করিতে অথবা বিরত থাকিতে হইবে।
১২।	(ক) যে মাসে ঋণটি গ্রহণ করা হইয়াছে ঠিক তার পরবর্তী মাসের শেষ তারিখের মধ্যে গ্রহণকৃত ঋণের নির্ধারিত কিস্তি ও সুদ পরিশোধ করিতে হইবে। (খ) ঋণের মাসিক কিস্তি পরিশোধ কারতে ব্যর্থ হইলে পরবর্তী কিস্তি পরিশোধকালে বকেয়া সকল কিস্তির সুদ ও মোট সুদের অর্ধেক জরিমানা পরিশোধ করিতে হইবে।
১৩।	প্রতিটি ঋণ আবেদনপত্রে আবেদনকারীকে তার পরিবারের প্রধান বা গুরুত্বপূর্ণ ব্যক্তির অবগতকরণ এবং ঋণ পরিশোধের জন্য অঙ্গীকার নামায় স্বাক্ষর প্রদান করিতে হইবে। অঙ্গীকার প্রদানকারীর জাতীয় পরিচয়পত্র ঋণ আবেদনপত্রের সহিত যুক্ত করিতে হইবে। পরিবারে প্রধান বা গুরুত্বপূর্ণ ব্যক্তি না থাকিলে বা প্রবাসে থাকিলে ঋণ কমিটি/পরিচালক মন্ডলী বিষয়টি বিবেচনা করিয়া প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবেন।
১৪।	আবেদনকৃত ঋণটি অনুমোদন হওয়ার তারিখ হতে ৩০ দিনের মধ্যে গ্রহণ করিতে হইবে। ৩০ দিনের সর্বশেষ দিনটি অফিস ছুটি থাকিলে পরের কার্যদিবসেই অবশ্যই ঋণটি গ্রহণ করিতে হইবে। অন্যথায় ঋণটি বাতিল বলিয়া গণ্য হইবে এবং ঋণের জন্য নতুনভাবে আবেদন করিতে হইবে।
১৫।	(ক) অনুমোদিত ঋণ এর টাকা ঋণ আবেদনকারীর সঞ্চয়ী হিসাবে জমা করা হইবে। (খ) বিশেষ কারণে ঋণ আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে তার ঋণের টাকা মনোনীত ব্যক্তির সঞ্চয়ী হিসাবে জমা করার বিষয়টি পরিচালক মন্ডলী/ঋণ কমিটি কর্তৃক অনুমোদিত হইলে তবেই তা মনোনীত ব্যক্তির সঞ্চয়ী হিসাবে জমা করা হইবে। ঋণ আবেদনকারী/মনোনীত ব্যক্তি চেক দ্বারা নিজ সঞ্চয়ী হিসাব হইতে টাকা উত্তোলন করিতে পারিবেন।
১৬।	সর্বোপরি ঋণ আবেদন প্রসঙ্গে আরো বিস্তারিত জানার জন্য অত্র ক্রেডিট ইউনিয়নের ঋণ অফিসারের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইতেছে।

Rozario

জন তাপস গিলবার্ট রোজারিও
সেক্রেটারি, পরিচালক মন্ডলী।

